**স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০১৬**
**সাম্মানিক বাংলা**
**সেমেস্টার : ৩ কোর্স : ২ (H-6)**
**(উনিশ ও বিশ শতকের কাব্য)**

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণমান : ৪০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও**

**একক - ১**

১। ঈশ্বর গুপ্তের কবিতায় বাঙালির ভাষা ও সংস্কৃতি বিষয়ে যে আবেগ প্রকাশিত হয়েছে তোমাদের পাঠ্য কবিতা অবলম্বনে তার পরিচয় দাও। ১০

২। কামিনী রায়ের কবিতায় যে 'বিষাদ-প্রবাহ'-এর কথা আছে সে সম্বন্ধে একটি নিবন্ধ রচনা করো। ১০

৩। উনিশ শতকের বাংলা গীতিকবিতায় মহিলা কবিরা কেন গুরুত্বপূর্ণ, পাঠ্য কবিতা অবলম্বনে তা আলোচনা করো। ১০

**একক - ২**

৪। অপরাধবোধ ও আভিজাত্যবোধের সঙ্গে প্রেমের অপ্রতিরোধ্য আকর্ষণের তীব্র দ্বন্দ্বে তারা চরিত্রটি রূপায়িত– আলোচনা করো। ১০

৫। 'বীরাঙ্গনা কাব্য'-এর পাঠ্য পত্রগুলির পরিসমাপ্তি অংশের পরিচয় দিয়ে তাদের তুলনামূলক বিচার করো। ১০

৬। 'পুরূরবার প্রতি উর্বশী' পত্রে উর্বশীর প্রেম অপ্সরা সুলভ নিতান্ত অসংযমের ফল নয়—তার ভিতর সুগভীর মানবিকতাবোধ রয়েছে। — বিশ্লেষণ করো। ১০

**একক - ৩**

৭। 'আফ্রিকা' কবিতার আঙ্গিক বিষয়ে আলোচনা করো। ১০

৮। 'ভ্রষ্টলগ্ন' কবিতাটির আলোচনা সূত্রে ভ্রষ্টলগ্নের তত্ত্বটি ব্যাখ্যা করো। ১০

৯। 'শাজাহান' কবিতাটির শিল্পরূপ বিচার করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো **দুটি** ) : ২×৫=১০

(ক) 'গাই যেন তারি গান বসি একা-একা'
(খ) গোবিন্দচন্দ্র দাসের একটি কাব্যগ্রন্থ
(গ) 'প্রেম-উদাসীন যদি তুমি'
(ঘ) 'পরম অধর্মাচারী রঘু-কুলপতি'
(ঙ) 'মর্ত্যভূমি স্বর্গ নহে, / সে যে মাতৃভূমি'
(চ) 'তুমি নিবিড় নিশীথ রাত্রি বন্দী হয়ে আছ, / মাটির পিঞ্জর।'